বাড়ি মেহেরপুরের ৭ম প্রতিষ্ঠা বার্ষিকী পালন

বাড়ি মেহেরপুর অরাজনৈতিক, অলাভজনক, সামাজিক ও সেবামূলক সংগঠন জনপ্রকৌশল অধিদপ্তর সংলগ্ন, মেহেরপুর প্রধান কার্যালয়ে ৭ম প্রতিষ্ঠা বার্ষিক আয়োজন করা হয়েছে।

আজ মঙ্গলবার (৮ অক্টোবর) বিকেল ৫টার সময় বাড়ি মেহেরপুর অরাজনৈতিক, অলাভজনক, সামাজিক ও সেবামূলক সংগঠন জনপ্রকৌশল অধিদপ্তর সংলগ্ন, মেহেরপুর প্রধান কার্যালয়ে ৭ম প্রতিষ্ঠা বার্ষিক পালন করা হয়।

বাড়ি মেহেরপুরের প্রতিষ্ঠাতা এডমিন আমেরিকান প্রবাসী এম এম নুরুজ্জামান বাবু সহযোগিতায় ও বাড়ি মেহেরপুরের এর উদ্যোগে এই সময় উপস্থিত ছিলেন, মোহাম্মদ রিনু (এডমিন), নাসরিন বিনতে মেরাজ (এডমিন), এম এ মাবুদ (মডারেটর), আসাদুজ্জামান খান রাজ (এডমিন), মো: একরামুল, মো: সোহেল, মো: আসিব, মো: রায়হান সদস্য প্রমুখ।

দর্শনায় ওয়েভ ফাউন্ডেশনের উদ্যাগে বৃক্ষরোপণ কর্মসূচি পালন

চুয়াডাঙ্গার শিল্পনগরী দর্শনার বিভিন্ন রাস্তায় শনিবার দিনব্যাপি এক আনন্দঘন পরিবেশে বৃক্ষরোপন কর্মসূচি পালন করা হয়েছে । ওয়েভ ফাউন্ডেশন, ইউথ এসম্বলি ও গো গ্রীন কর্মসূচির যৌথ উদ্যাগে আয়োজিত এই কর্মসূচি পালন করা হয়েছে।

এ বৃক্ষ রোপন কর্মসূচীর মধ্যে ছিল ছাত্র, যুব সমাজ রাজনৈতিক নেতৃবৃন্দ সাংবাদিক ও বিভিন্ন পেশাজীবি নেতৃবৃন্দসহ স্থানীয়

পরিবেশকর্মীরা অংশগ্রহণ করেন।

দর্শনা প্রেসক্লাবের সম্মানিত নেতৃবৃন্দসহ বিভিন্ন শ্রেনীপেশার নেতৃবৃন্দরা সম্মিলিত ভাবে বৃক্ষরোপন কর্মসূচির উদ্বোধন করেন।

উদ্বোধনী অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন ওয়েভ ফাউন্ডেশনের সিনিয়র সম্বয়কারী আব্দুস ছালাম, অতিথি হিসাবে বক্তব্য রাখেন দর্শনা প্রেস ক্লাবের সাংবাদিক সমিতির সভাপতি জাহিদুল ইসলাম, সাধারণ সম্পাদক হানিফ মন্ডল, ওয়েভ ফাউন্ডেশনের উপ পরিচালক জহির রায়হান, সহকারী পরিচালক কিতাব আলী, উপদষ্টা আব্দস শুকুর, দর্শনা বিএনপি যুবদলের পৌর যুগ্মআহবায়ক জাহান আলী প্রমুখ।

উদ্বোধনী অনুষ্ঠানে অতিথিরা বলেন বৃক্ষ আমাদের জীবনের অপরিহার্যের অংশ। বৃক্ষরোপণ শুধু পরিবেশ রক্ষা করে না এটি আমাদের ভবিষ্যৎ প্রজন্মের জন্য একটি সুদর পৃথিবী গড়তে সহায়ক। ওয়েভ ফাউন্ডেশনের এই উদ্যাগে আগামী দিন তীব্র তাপদাহ মোকাবেলায় ও পরিবেশের ভারসাম্য রক্ষায় গুরুত্বপুর্ণ ভুমিকা পালন করবে।

বৃক্ষরোপনের পাশাপাশি ওয়ভ ফাউন্ডশন, ইউথ এসম্বলি, গো গ্রীন কর্মসূচি ও স্থানীয় পরিবেশ কর্মীরা পরিবেশের ভারসাম্য রক্ষায় সচেতনতা বৃদ্ধিতে পোষ্টার ও ব্যানার প্রদর্শন করেন। এতে বিভিন্ন শ্লোগান লেখা ছিলো যেমন ”গাছ লাগায় যত্ন করি, গ্রীন লাইফ স্টাইলে চর্চা করি” “গাছ লাগান প্রাণ বাঁচান” সবুজ পথিবী, সুষ্ঠ জীবন”।

অনুষ্টানে আয়োজক সংস্থা সহযোগিরা ঘোষনা দেন প্রায় ফলজ ও বনজ ৫ হাজার রোপনকৃত এই চারা টিকিয়ে রাখার জন্য ওয়ভ ফাউন্ডশন ও রামাজুস যুব সংঘ যৌথ ভাবে স্থানীয় পরিবেশ কর্মীদের সাথে নিয়ে আগামী দুই বছর দেখভাল করবে।

অনুষ্টানটি পরিচালনা করেন ওয়েভ ফাউন্ডেশনের সিনিয়র সম্বয়কারী কামরুজ্জামান যুদ্ধ।

দামুড়হুদায় দেউলী সবুজ সংঘের কমিটি গঠন সভাপতি জাকির সম্পাদক কাসেম

দামুড়হুদা উপজেলা সদরের দেউলী সবুজ সংঘ ক্লাবের কমিটি গঠন করা হয়েছে। সভাপতি হলেন জাকির হোসেন ও সাধারণ সম্পাদক হলেন আবুল কাসেম। আজ রবিবার বিকাল চারটার দিকে দেউলী সবুজ সংঘ এর অস্থায়ী কার্যালয় এই কমিটি গঠন করা হয়।

এ সময় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন দামুড়হুদা থানা বিএনপি’র সংগঠনিক সম্পাদক প্রফেসর আবুল হাসেম বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন দামুড়হুদা থানা বিএনপি যুগ্ম সাধারণ সম্পাদক মন্টু মিয়া, সদর ইউনিয়ন বিএনপির সভাপতি আব্দুর রহিম দামুড়হুদা থানা যুবদলের যুগ্ন আহবায়ক আরিফুল ইসলাম।

পরে সকলের উপস্থিতিতে ২১ সদস্য বিশিষ্ট কার্য নির্বাহী কমিটির সদস্যরা হলেন সিনিয়র সহ-সভাপতি মোঃ বছির আহম্মেদ-সহসভাপতি-১মোঃ মজিবর রহমান, সহ-সভাপতি-২ মোঃ ওলি হোসেন সাধারণ সম্পাদক মোঃ আবুল কাশেম সিনিয়র যুগ্ম- সাধারণ সম্পাদক মোঃ কামিরুল ইসলাম যুগ্ম-সাধারণ সম্পাদক-১ মোঃ লিখন মিয়া যুগ্ম-সাধারণ সম্পাদক-২ মোঃ মুকুল মিয়া সাংগঠনিক সম্পাদক মোঃ আশরাফ আলী মামুন, ক্রীড়া সম্পাদক, মোঃ মিরাজুল ইসলাম দপ্তর সম্পাদক মোঃ আব্দুস সালাম, কোষাধ্যক্ষ মোঃ আব্দুল আলিম, প্রচার সম্পাদক মোঃ মানিক মোল্লা, মহিলা বিষয়ক সম্পাদক মোছাঃ নিলুফা খাতুন,সমাজ সেবা সম্পাদক মোঃ মিঠু মালিতা, ত্রাণ বিষয়ক সম্পাদক মোঃ শফিউল আলম সন্টু, ধর্ম বিষয়ক সম্পাদক মোঃ আব্দুল্লাহ, কাৰ্য্য নির্বাহী সদস্য আবু সাইদ, মিকাইল হোসেন, সাজু, সবুজ প্রমূখ।

বন্যার্তদের সাহায্যার্থে ভৈরবের অনুদানের টাকা প্রদান

মেহেরপুর এর অন্যতম সাহিত্য ও সাংস্কৃতিক সংগঠন “ভৈরব সাহিত্য সাংস্কৃতিক চত্বর” বন্যার্তদের সাহায্যার্থে অনুদানের টাকা প্রদান করেছে।

আজ সোমবার সকাল ১০ টার দিকে মেহেরপুর জেলা প্রশাসক সিফাত মেহনাজ এর নিকট অনুদানের নগদ ১৫ হাজার টাকা উপদেষ্টার ত্রান তহবিলে দেওয়ার জন্য প্রদান করা হয়।

এসময় “ভৈরব সাহিত্য সাংস্কৃতিক চত্বর” এর সভাপতি এ্যাড: আনোয়ার হোসেন, সহ- সভাপতি নূরুল আহমেদ, সাধারণ সম্পাদক মেহের আমজাদ, যুগ্ম সম্পাদক শহিদুল ইসলাম কানন জেলা প্রশাসকের নিকট অনুদানের টাকা তুলে দেন। এসময় “ভৈরব সাহিত্য সাংস্কৃতিক চত্বর” এর অন্যান্য সদস্যরা উপস্থিত ছিলেন।

দামুড়হুদা প্রেসক্লাবের সহসভাপতি-সম্পাদক কে বন্ধু মহলের শুভেচ্ছা

ঐতিহ্যবাহী দামুড়হুদা প্রেসক্লাবের নবনির্বাচিত কমিটির সহসভাপতি মিরাজুল ইসলাম মিরাজ ও সাধারণ সম্পাদক মুরশেদ বীর ফয়সাল (তানজির) কে বন্ধুদের পক্ষ থেকে ফুলেল শুভেচছা জানিয়েছেন বন্ধু মহল।

আজ শুক্রবার বিকেল আনুমানিক ৫টার দিকে দামুড়হুদার শিবনগর ডিসি ইকো পার্কে আনুষ্ঠানিক ভাবে ফুলেল শুভেচছা দেয়া হয়।

এসময় উপস্থিত ছিলেন ইঞ্জিনিয়ার মো:ইমরান হোসেন, ইঞ্জিনিয়ার আক্তার হোসেন, দৈনিক জনতার ইশতেহার প্রত্রিকার সম্পাদক-প্রকাশক মো:আবু হানিফ, ঠিকাদার শাকিল হোসেন, আল জার্জিস, রুবেল প্রমুখ।

[redacted]

[redacted]

গঠন ছাত্তার সভাপতি মুক্ত সম্পাদক

দর্শনা রামনগর মাথাভাঙ্গা যুব সংঘের দ্বি-বার্ষিক কমিটি গঠন করা হয়েছে। আজ শুক্রবার বিকালে দর্শনা মেমনগর মাঠে অনুষ্ঠিত কমিটি গঠন সভার সভাপতিত্ব করেন রামাযুসের আহ্বায়ক আব্দুল্লাহ।

আলোচনা করেন, জহির রায়হান, ফারুক আহমেদ, হানিফ মন্ডল, আশরাফুল আলম আসান, মনিরুজ্জামান রুনু, জাহান আলী, হাসান মাস্টার, আনোয়ার হোসেন প্রমুখ।

পরে সর্বসম্মতিক্রমে আব্দুছ ছাত্তার সভাপতি ও মোস্তাফিজুর রহমান মুক্তকে সাধারণ সম্পাদক করে ১৫০ সদস্য বিশিষ্ট কমিটি গঠন করা হয়েছে। কমিটির সহ-সভাপতি সুজন আহমেদ, সনজারুল, সহসম্পাদক জুয়েল রানা ও জাকির হোসেন। সার্বিক অনুষ্ঠানটি উপস্থাপনা করেন সাংগঠনিক সম্পাদক সবুজ হোসেন।

আস-সুন্নাহ ফাউন্ডেশনে অনুদান দিলো ঝিনাইদহের প্রগতি স্বেচ্ছাসেবী

বন্যার্তদের ত্রাণ ও পুনর্বাসন এর জন্য ঝিনাইদহের প্রগতি স্বেচ্ছাসেবী সংগঠনের পক্ষ থেকে আস-সুন্নাহ ফাউন্ডেশনকে নগদ ১,০০,০০০ (এক লক্ষ) টাকা আর্থিক অনুদান প্রদান করেছে।

গতকাল সোমবার (২সেপ্টেম্বর) রাতে ঢাকা আস-সুন্নাহ ফাউন্ডেশনের কার্যালয়ে উপস্থিত হয়ে আস-সুন্নাহ ফাউন্ডেশনের চেয়ারম্যান শায়েখ আহমাদুল্ল’র হাতে নগদ এক লক্ষ টাকা আর্থিক অনুদান প্রদান করেন। সেসময় উপস্থিত ছিলেন প্রগতি স্বেচ্ছাসেবী সংগঠনের সভাপতি সাজিদ মাহমুদ, সাধারণ সম্পাদক জহুরুল ইসলাম এবং ত্রাণ ও দুর্যোগ বিষয়ক

সম্পাদক আব্দুল্লাহ।

সভাপতি সাজিদ মাহমুদ বলেন, বন্যার্তদের জন্য আমরা শুরু থেকেই কাজ করছি এবং আমাদের লক্ষ্য ছিলো বন্যা পরবর্তী ধাপ নিয়ে কাজ করা। যা আস-সুন্নাহ ফাউন্ডেশনের মাধ্যমে সম্ভব বলে মনে হয়েছে।

প্রগতি স্বেচ্ছাসেবী সংগঠন গত ৫ বছর যাবৎ বিভিন্ন সামাজিক ও মানবিক কার্যক্রম করে আসছে এবং পূর্বের চেয়ে জনসাধারণের কাছে বিশ্বাসযোগ্য ও প্রিয় সংগঠন হিসাবে বিবেচিত হয়েছে।

নতুন এই বাংলাদেশকে প্রাকৃতিক দুর্যোগ থেকে রক্ষা ও বন্যার্তদের পাশে দাঁড়ানোর জন্য সাধারণ জনগণ সাধ্য অনুযায়ী সর্বোচ্চ চেষ্টা করেছে। নিজ সামর্থ্য অনুযায়ী সবাই এগিয়ে এসেছে। এজন্য প্রগতি পরিবার এর পক্ষ থেকে সবাইকে অসংখ্য ধন্যবাদ ও কৃতজ্ঞতা প্রকাশ করছি।

দামুড়হুদায় সবুজ সংঘের উদ্যোগে বর্ন্যাতদের জন্য আর্থিক সহায়তা প্রদান

দামুড়হুদার দৈউলী সবুজ সংঘের উদ্যোগে বর্ন্যাত মানুষের জন্য আর্থিক সহায়তা প্রদান করা হয়েছে। গতকাল শুক্রবার সকাল ১০টার দিকে “আস-সুন্নাহ ফাউন্ডেশনে’র” মোবাইল ব্যাংকিং একাউন্টে আর্থিক সহায়তা প্রদান করা হয়।

জানাগেছে, ২০২০ সালে প্রতিষ্ঠিত দামুড়হুদার ” দেউলী যুব সংঘ” এর উদ্যোগে কয়েকদিনে গ্রামের বিভিন্ন শ্রেনীপেশার মানুষের স্বতঃস্ফূর্ত অংশগ্রহণে বর্ন্যাতদের জন্য ২১ হাজার টাকা সংগ্রহ করা হয়। সংগ্রহকৃত অর্থ গতকাল শুক্রবার সকালে আস সুন্নাহ ফাউন্ডেশন মোবাইল ব্যাংকে প্রদান করা হয়েছে।

এসময় উপস্থিত ছিলেন দৈউলী যুব সংঘ’র সভাপতি আকরাম হোসেন, সহ সভাপতি আবু তালহা, সাধারন সম্পাদক তারিকুল, সদস্য বিপ্লব,

তৌফিক, তানভীর, আল সাহিদ, শাফায়েত, সাব্বির, আরেফিন, জুবায়ের সহ সংগঠনের নেতৃবৃন্দ প্রমুখ।

বন্যার্তদের পাশে মডার্ণ প্লাইউড, ট্রাকে করে পাঠিয়েছেন ত্রান

স্মরণকালের ভয়াবহতম বন্যায় কবলিত দেশ। ফেনী, নোয়াখালী, লক্ষ্মীপুর, কুমিল্লা, ব্রাহ্মণবাড়িয়া, খাগড়াছড়িসহ আশপাশের জেলাগুলো প্লাবিত হয়েছে। পানিবন্দি হয়ে আছে প্রায় অর্ধকোটি মানুষ। এই মানবিক বিপর্যয়ে বন্যাদুর্গতদের পাশে দাঁড়ানোর চেষ্টা করছেন নানান শ্রেণিপেশার মানুষ।

বানভাসিদের জন্য এগিয়ে এসেছেন কুষ্টিয়ার মডার্ণ প্লাইউড এন্ড উড প্রসেসিং লি: এর চেয়ারম্যান আকরাম হোসেন বাবু। আকরাম হোসেন বাবু বরাবরের মতো এবারও বন্যার্তদের মাঝে ত্রাণ বিতরণ কার্যক্রম চালিয়ে যাচ্ছেন। ইতোমধ্যে কুমিল্লা ও ফেনীতে দুইটি কাভার্ডভ্যান করে তার টিম ত্রাণ বিতরণ করেছে। নৌকায় করে দুর্গম এলাকায় ত্রাণ বিতরণ করেছে।

ত্রাণের মধ্যে রয়েছে, চিড়া, গুড়, বিশুদ্ধ পানি, বিস্কুট, স্যালাইন, লাইটার, মোমবাতি, খেজুরসহ প্রয়োজনীয় পণ্য।

আকরাম হোসেন বাবুর এই ত্রাণ কার্যক্রমের সমন্বয় করেন তার সহকারী সহ অন্যান্য কর্মকর্তারা।

তরিকুল ইসলাম বলেন, আকরাম হোসেন বাবু সাহেব আমাদের নির্দেশ দিয়েছেন, পুরো ত্রাণ কার্যক্রম পরিচালনার। আমরা তার নির্দেশ মতো দিনরাত পরিশ্রম করে প্যাকেটজাত পণ্য বন্যার্তদের কাছে পৌঁছে দিচ্ছি।

বলার অপেক্ষা রাখে না, আকরাম হোসেন বাবু এ প্রতিষ্ঠানের পাশাপাশি রোটারী ক্লাব অব কুষ্টিয়া এবং এপেক্স ক্লাব অব

কুষ্টিয়া সব বিভিন্ন সামাজিক কর্মকান্ডের সাথে নিজেকে মেলে ধরেছেন। ব্যক্তিগত ছাড়াও প্রতিষ্ঠান এবং সংগঠনের মাধ্যমেও সহযোগিতা প্রদান করে চলেছেন। পাশাপাশি যেকোনো দুর্যোগে এবং সাধারণ মানুষের সমস্যায় সবসময়ই পাশে দাঁড়ান।

আকরাম হোসেন বাবু বলেন, যেকোনো প্রাকৃতিক বিপর্যয়কালীন সময়ে মডার্ণ প্লাইউড এন্ড উড প্রসেসিং কোম্পানি লি: পূর্বের ন্যায় এবারও দেশের জনগনের পাশে থাকতে দৃঢ় প্রতিজ্ঞ। সাধ্যমতো সহযোগিতার হাত বাড়িয়ে দেন এবং অন্যদেরও পাশে দাঁড়ানোর আহ্বান জানান।

উল্লেখ্য, মডার্ণ প্লাইউড এন্ড উড প্রসেসিং কোম্পানি লি: এ এক হাজারের অধিক কর্মকর্তা কর্মচারী রয়েছেন।